মেহেরপুরে ১০ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১0 জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে সদরে ৯জন, গাংনী ১ জন।

শুক্রবার সকালে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৭৫ টি। তারমধ্যে ১০ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৪০ জন। তার মধ্যে সদরে ১৮ জন, গাংনীতে ১১ জন এবং মুজিবনগরে ১১ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৯ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৩৯ জন।

গতকাল বৃহস্পতিবারের রিপোর্ট

গাংনীতে ৫০ পিচ ইয়াবাসহ মাদক ব্যবসায়ী কামাল আটক

মেহেরপুর গাংনী উপজেলার সিন্দুর কৌটা গ্রামে মেহেরপুর জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের একটি টিম অভিযান চালিয়ে ৫০ পিচ ইয়াবাসহ মাদক ব্যবসায়ী কামাল হোসেনকে আটক করে। বৃহস্পতিবার বিকেল ৪ টার দিকে সিন্দুর কৌটা গ্রাম থেকে তাকে আটক করা হয়। আটককৃত কামাল হোসেন সিন্দুর কৌটা গ্রামের লুৎফর রহমানের ছেলে। ও কুমারীডাঙ্গা মাধ্যমিক বিদ্যালয়ের ব্যবস্থাপনা কমিটির সভাপতি।

জেলা মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ইন্সপেক্টর আব্দুল মান্নান জানান, গাংনী উপজেলার সিন্দুর কৌটা এলাকায় মাদক নিয়ে অবস্থান

করছে গোপন সংবাদের ভিত্তিতে সাব-ইন্সপেক্টর খসরু আল মামুন এর নেতৃত্বে অভিযান চালিয়ে কামাল নামের এক মাদক ব্যবসায়ীকে আটক করা হয়েছে।এ সময় তার কাছ থেকে ৫০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

আসামী কামালের বিরুদ্ধে মাদক দ্রব্য নিয়ন্ত্রন আইনে মামলার প্রস্তুতি চলছে।

গাংনী থানার ওসি বজলুর রহমান জানান, ‘কামাল হোসেন এলাকার একজন শীর্ষ মাদক ব্যবসায়ী। তার বিরুদ্ধে গাংনী থানায় মাদক, অস্ত্র, বিস্ফোরক, চুরি, ডাকাতী ও সন্ত্রাসী কর্মকাণ্ডের অভিযোগে ডর্জনখানেক মামলা রয়েছে।

মুজিবনগরে ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে হাসানুজ্জামান লাল্টুর গনসংযোগ অব্যাহত

আগামী ইউনিয়ন পরিষদ নির্বাচনকে সামনে রেখে নৌকার মনোনয়ন প্রত্যাশী উপজেলা আওয়ামীলীগের একজন সাধারন কর্মী, অনন্যা পার্কের চেয়ারম্যান হাসানুজ্জামান লাল্টু গনসংযোগ অব্যাহত রেখেছেন।
তারই ধারবাহিকতায়
বৃহস্প্রতিবার বিকাল থেকে শুরু করে মুজিবনগর উপজেলার বাগোয়ান ইউনিয়নের আনন্দবাস,জয়পুর,তারানগর গ্রামে গনসংযোগ করেন।
এর আগে কেদারগন্জ বাজার প্রাঙ্গন থেকে আনন্দবাস বাজার প্রযন্ত মটরসাইকেল র্যালী করা হয়।
তিনি এই প্রথমবার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান হিসাবে নির্বাচন করার লক্ষে নৌকার মনোনয়নের প্রত্যাশায় এ গনসংযোগ করেন।
এ সময় সাধারন জনগনের দোয়ারে গিয়ে গিয়ে সকলের দোয়া কামনা করেন তিনি।

গাংনীতে গলায় ফাঁস দিয়ে প্রবাসির স্ত্রীর আত্নহত্যা

গাংনীর পশ্চিম মালসাদহ গ্রামে নুপুর খাতুন (২৩) নামের এক প্রবাসির স্ত্রীর লাশ ঝলন্তাবস্থায় উদ্ধার করেছে পুলিশ। নুপুর খাতুন পশ্চিম মালসাদহ গ্রামের ব্র্যাক অফিসপাড়ার বাসিন্দা ও বাহরাইন প্রবাসি হাবিবুর রহমানের স্ত্রী।

আজ বৃহস্পতিবার (১৬ সেপ্টেম্বর) দুপুর সাড়ে ১২টার দিকে গাংনী থানা পুলিশের একটি টিম নুপুরের মরদেহ উদ্ধার করে।
স্থানীয়রা জানান নুপুরের শয়ন কক্ষের ভিতর থেকে তালাবদ্ধ দেখে তার শাশুড়ি ও পরিবারের অন্যান্য সদস্য তাকে ডাকতে থাকেন। নুপুরের কোন সাড়া না পেয়ে ঘরের দরজা ভেঙ্গে ভিতরে প্রবেশ করে নুপুরকে ঝুলন্তাবস্থায় দেখতে পায়। পরিবারের লোকজন নুপুরকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে নিয়ে আসলে জরুরী বিভাগের মেডিকেল অফিসার তাকে মৃত ঘোষনা করেন।

পুলিশ জানায়, মেহেরপুর সদর উপজেলার শ্যামপুর গ্রামের মেয়ে নুপুর খাতুনের সাথে পশ্চিম মালসাদহ গ্রামের হাবিবুর রহমানের সাথে ৬ বছর পূর্বে বিয়ে হয়। বিয়ের এক বছর পর তাদের সংসারে একটি সন্তান আসে। এরপর হাবিবুর সংসারে সচ্ছলতা আনতে বাইরাইনে যান।সেখান থেকে মেবাইলে হাবিবুরের সাথে স্ত্রী নুপুরের নানা কারণে কয়েকবার ঝগড়া হয়। স্বামীর উপর অভিমানে সে আত্মহত্যা করেছেন বলে প্রাথীমক ধারনা পুলিশের। গাংনী থানার অফিসার ইনচার্জ(ওসি) বজলুর রহমান বলেন, বিষয়টি তদন্ত শেষে ঘটনার আরো বিস্তারিত বলা যাবে ।

মেহেরপুরে ফেন্সিডিল রাখার অপরাধে দুই জনের ৪ বছর জেল

মেহেরপুরে ফেন্সিডিল রাখার অপরাধে আরিফুল ইসলাম ও মাহমুদুল হাসান নামের দুই ব্যাক্তির ৪ বছর করে জেল দিয়েছেন আদালত।

আজ বৃহস্পতিবার দুপুরে মেহেরপুরের অতিরিক্ত জেলা ও দায়রা জজ রিপতি কুমার বিশ্বাস এ রায় ঘোষনা করেন। রায় ঘোষনার সময় আরিফুল ইসলাম আদালতে উপস্থিত থাকলে অপর আসামি মাহমুদুল হাসান পলাতক ছিলেন।

দণ্ডপ্রাপ্ত আরিফুল ইসলাম পাবনা জেলা বেড়া এলাকার বাসিন্দা।

মামলার বিবরণে জানা গেছে, ২০১৪ সালে ৪০ বোতল ফেন্সিডিলসহ আরিফুল ইসলাম ও মাহমুদুল হাসানকে আটক করে পুলিশ।

বিস্তারিত…

মেহেরপুরে থেমে নেই ফসলের সাথে শত্রুতা

মেহেরপুর জেলায় থেমে নেই ফসলের সাথে শত্রুতা ইসলামপুরের দূর্জয় শেখের ৩৫ কাঠা ফলন্ত করলা ও লাউ গাছ কেটে দিয়েছে দৃর্বত্তরা

মেহেরপুর জেলার মুজিবনগর, গাংনী ও সদর উপজেলায় মানুষকে জব্দকরার জন্য ফসল নষ্ট করার নতুন কৌশল বেছে কিছু মানুষ নামের অমানুষ। থামছে না ফসলের সাথে এই শত্রুতা।তার ধারাবাহিকতায় গত মঙ্গলবার দিবাগত রাতে মুজিবনগর উপজেলার সীমান্তবর্তী মেহেরপুর সদর উপজেলার, ইসলামপুর খালের মাঠে, ইসলামপুর গ্রামের জালাল শেখের ছেলে দূর্জয় শেখের ২২ কাঠা জমির ফলন্ত করলা ও ১৩ কাঠা জমির ফলন্ত লাউ গাছের মাচাসহ গাছ রাতের আধাঁরে কেটে দিয়েছে দৃর্বত্তরা। ক্ষতিগ্রস্হ কৃষক দুর্জয় শেখ জানান কারো সাথে আমার তেমন কোন

শত্রুতা নেই।তবে মনে মনে হয়ত কেও আমাকে শত্রু ভাবে তারাই আমার এত বড় ক্ষতি করেছে। আমি একজন খেটে খাওয়া মানুষ জমিতে ফসল করে তা বিক্রি করে আমার সংসার চলে। এই করলা ও লাউ বিক্রি করে আমার দুই থেকে আড়ায় লক্ষ টাকা হত। এত বড় ক্ষতি কি ভাবে কাটিয়ে উঠব ভাবতে পারছি না। আমি চায় আমার যে ক্ষতি হয়ে এমন ক্ষতি যেন কোন কৃষকের না হয়।প্রশাসনের কাছে অভিযোগের বিষয়ে জানতে চাইলে তিনি বলেন এখনো কোন অভিযোগ করিনি তবে আগামীকাল থানায় একটি অভিযোগ করব বলে ভাবছি।

মুজিবনগরে গুডনেইবার্স এর উদ্যোগে শিক্ষা উপকরণ ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ

মেহেরপুরের মুজিবনগরে গুডনেইবার্স বাংলাদেশ মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের উদ্যোগে স্পন্সর কৃত শিশু শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ ও স্বাস্থ্য সুরক্ষা সামগ্রী বিতরণ করা হয়েছে।

এ উপলক্ষে সোমবার সকাল সাড়ে ১০ টার সময় গুডনেইবার্স অফিস প্রঙ্গনে এক অনুষ্ঠানে আয়োজন করা হয়। গুডনেইবার্স মেহেরপুর সিডিপি বল্লভপুর প্রজেক্ট অফিসের ম্যানেজার লিংকন রায় এর সভাপতিত্বে এবং প্রোগ্রাম অফিসার তসলিমা খাতুনের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্হিত ছিলেন সিডিপি সভাপতি ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের সদস্য শংকর বিশ্বাস,সিডিপি সহসভাপতি ও বাগোয়ান ইউনিয়ন পরিষদের (সাবেক ভারপ্রাপ্ত) চেয়ারম্যান আক্কাস আলি, গুডনেইবার্স এর হেল্থ অফিসার পঙ্কজ কুমার বিশ্বাস, মেডিক্যাল অফিসার সাজদ্বীপ ইসলাম,এডমিন অফিসার মি: পলাশ বাড়ৈই।

অনুষ্ঠানে সভাপতির বক্তব্যে গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি এর বল্লভপুর প্রজেক্ট অফিস এর ম্যানাজার লিংকন রায় বলেন আপনারা অবগত

আছেন যে, গুডনেইবার্স বাংলাদেশ দীর্ঘদিন যাবত বাংলাদেশের আর্থ-সামাজিক উন্নয়নে বিভিন্ন কার্যক্রম যেমন: শিশু উন্নয়ন: শিক্ষা, স্বাস্থ্য ও শিশু অধিকার সংক্রান্ত কর্মকান্ড; নারী উন্নয়ন: সমবায় ভিত্তিক আয়বৃদ্ধি এবং প্রজনন স্বাস্থ্য ও নারী উন্নয়ন; যুব উন্নয়ন: স্থানীয় যুবকদের জন্য কর্মমূখী শিক্ষা ও স্থানীয় স্বেচ্ছাসেবক কার্যক্রম পরিচালনা করে আসছে।

আমাদের দেশে কোভিড ১৯ সংক্রামিত হওয়ার আগে থেকেই জনসচেতনতা মূলক প্রচারনা, পরিষ্কার-পরিচ্ছন্নতা বিষয়ে লিফলেট, পোষ্টার বিতরণ, সামাজিক যোগাযোগ মাধ্যমে বিভিন্ন জনসচেতনতা মূলক প্রচারনা এবং বিএমডিসি নিবন্ধনকৃতদের মাধ্যমে টেলিমেডিসিন স্বাস্থ্য সুবিধা প্রদান করে যাচ্ছি।

বর্তমানে আমরা স্কুল খুলে দেওয়ায় করোনা মহামারিতে ক্ষতিগ্রস্হ ১ হাজার ৬১ জন শিশু শিক্ষার্থীদের মাঝে শিক্ষা উপকরণ ও স্বাস্হ্য সুরক্ষা সামগ্রী প্রদান করা হচ্ছে এবং আগামীতে আপনাদের সহযোগীতায় গুডনেইবারস্ মেহেরপুর সিডিপি এই সহায়তা প্রদান অব্যাহত রাখবে।

স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা- ২০২১ অনুষ্ঠিত

মেহেরপুরের মুজিবনগরে অগ্রণী ব্যাংক বাংলাদেশ লিমিটেড মুজিবনগর শাখার, উদ্যোগে স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা-২০২১ অনুষ্ঠিত হয়েছে।

সোমবার বেলা সাড়ে ১২ টার সময় অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখায় এ মেলার উদ্বোধন করা হয়। অনুষ্ঠানে অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখা ব্যবস্থাপক কাজী আরিফুল ইসলমের সভাপতিত্বে, অগ্রণী ব্যাংক এর সদ্য পদোন্নতি পাওয়া উপ মহা- ব্যবস্থাপক মানস কুমার পাল, প্রধান অতিথি হিসাবে উপস্থিত থেকে গ্রাহকদের মাঝে কৃষি ঋণ বিতরণ করে

মেলার উদ্বোধন করেন।

এ সময় উপস্থিত ছিলেন ছিলেন চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ের (এস পি ও)এ এস এম এম কবির,চুয়াডাঙ্গা আঞ্চলের অফিসার সমিতির সভাপতি সুলাইমান, চুয়াডাঙ্গা আঞ্চলিক কার্যালয়ের সিনিয়র অফিসার আবদুল্লাহ আল মামুন, আরো উপস্হিত ছিলেন ভবন মালিক কৌশিকুল ইসলাম রুমি,কেদারগন্জ বাজার ব্যাবসায়ী কমিটির সভাপতি কুতুবউদ্দীন মল্লিকসহ অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখার কর্মকর্তা ও কর্মচারি ব্যাংকের গ্রাহক বৃন্দ।

অগ্রণী ব্যাংক মুজিবনগর শাখায় স্বচ্ছ প্রক্রিয়ায় কৃষি ও পল্লী ঋণ আদায় ও বিতরণ মেলা-২০২১ এর প্রথম দিনে ১০ জন গ্রাহককে ৮ লক্ষ টাকা কৃষি ঋণ প্রদান করা হয়। এ সময় ৪ জন গ্রাহকের কাছ থেকে বকেয়া ৩ লক্ষ টাকা কৃষি ঋণ আদায় করা হয়।

মেলা আগামী বৃহস্পতিবার পর্যন্ত চলবে।

মেহেরপুরে ১ জন করোনা আক্রান্ত

মেহেরপুরে নতুন করে ১ জন করোনা আক্রান্ত হয়েছেন। নতুন আক্রান্তদের মধ্যে গাংনী ১ জন।

সোমবার রাতে মেহেরপুর সিভিল সার্জন ডা. নাসির উদ্দিন এ তথ্য নিশ্চিত করেন। সূত্রে আরও জানা গেছে, নতুন প্রাপ্ত রিপোর্ট ৬৭ টি। তারমধ্যে ১ জন করোনা পজিটিভ।

এনিয়ে বর্তমানে মেহেরপুর জেলায় করোনা পজেটিভ এর সংখ্যা ৩০ জন। তার মধ্যে সদরে ৭ জন, গাংনীতে ১১ জন এবং মুজিবনগরে ১২ জন। এ পর্যন্ত মেহেরপুরে মারা গেছেন ১৭৯ জন ।

মৃতদের মধ্যে সদরে ৮২ জন, গাংনী ৫৮ জন ও মুজিবনগরে ৩৯ জন।

মেহেরপুর বারাদিতে চেয়ারম্যান পদপ্রার্থী প্লাবনের গণসংযোগ

মেহেরপুর সদর উপজেলার নবগঠিত বারাদি ইউনিয়নের জাসদ মনোনীত চেয়ারম্যান পদপ্রার্থী ও জাতীয় যুব জোট নেতা মোঃ নুরু-উছ-সাফা প্লাবন এর নির্বাচনী গণসংযোগ চলমান রয়েছে।

সোমবার প্লাবন তার নির্বাচনী এলাকার পাটকেলপোতা,চাঁদপুর,সিংহাটী,শিমুলতলা,পুরাতন দরবেশপুর গ্রামের সাধারণ জনগণের সাথে গণসংযোগ করেন।

এসময় প্লাবন বলেন, একজন জনপ্রতিনিধি যে জনগণের চাকর এটা প্রমাণ করানোই আমার সপ্ন এবং লক্ষ্য।

সুতরাং আপনাদের মূল্যবান ভোটগুলো মশাল দিবেন, নায্য অধিকার বুঝে নিবেন।